রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুলাই ৬, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

(মূল্য সংযোজন কর)

ঢাকা, ১৬ই আষাঢ় ১৩৯৮/১লা জুলাই ১৯৯১

এস আরও নং ১৯৯-আইন/৯১/১৭—মূসক।—মূল্য সংযোজন কর অধ্যাদেশ, ১৯৯১ (অধ্যাদেশ নং ২৬, ১৯৯১) এর ধারা ৫ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত টেবিলে উল্লিখিত পণ্যসামগ্রীর ক্ষেত্রে খুচরা মূল্যের ভিত্তিতে মূল্য সংযোজন কর আরোপিত হইবে বলিয়া স্থির করিলেন :—

টেবিল

Customs Act এর First Schedule এর নিম্নবর্ণিত শিরনামা (Heading) সমূহের বিপরীতে সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) এর আওতাধীন পণ্য সমূহ :

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০৪.০৫ | ০৪০৫.০০ | মাখন এবং দুগ্ধ হইতে প্রস্তুত অন্যান্য চর্বি ও তৈল ; |
| ০৯.০২ | ০৯০২.৩০ | প্রক্রিয়াজাত চা (ফারমেনটেড) খুচরা মূল্যে বিক্রয়ের জন্য প্যাকেটকৃত (প্রতি প্যাকেটের ওজন ৩ কেজির কম) ; |



মূল্য : টাকা ২.০০

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| ১৫.০৭ | ১৫০৭.৯০১১ | পরিশোধিত সয়াবিন তৈল; খুচরা মূল্যে বিক্রয়ের জন্য প্যাকেটকৃত (প্রতি প্যাকেটের ওজন ৫ কেজির কম); |
| ১৯.০৫ | শিরনামার অধীন সকল পণ্য | ব্রেড, পেষ্ট্রি, কেক, বিস্কুট এবং অন্যান্য বেকারী পণ্য, কোকাযুক্ত হউক বা না হউক; |
| ২০.০৭ | ,, | জ্যাম, ফলের রস, মারমালেড, বিশুদ্ধ ফল বা বাদাম এবং রন্ধনের মাধ্যমে প্রস্তুতকৃত ফল বা বাদামের পেষ্ট, চিনি বা মিষ্টিকারী অন্য পদার্থ দ্বারা মিষ্ট করা হউক বা না হউক; |
| ২০.০৯ | ,, | ফলের রস (আঙ্গুরের রস সহ) এবং সব্জীর রস কারবোনেটেড বা স্পিরিটযুক্ত নহে, চিনি বা অন্য কোন মিষ্টিকারী পদার্থের দ্বারা মিষ্টি করা হউক বা না হউক ; |
| ২১.০৫ | ২১০৫.০০ | আইসক্রীম (এবং অন্যান্য খাবার উপযোগী বরফ), কোকাযুক্ত হউক বা না হউক; |
| ২২.০২ | ২২০২.২০ | হালকা পানীয়, অতিরিক্ত চিনি, মিষ্টিকারক দ্রব্য বা সুগন্ধযুক্ত হইক বা না হউক ; |
| ৩২.০৮ | শিরনামার অধীন সকল পণ্য | খুচরা মূল্যে বিক্রয়ের জন্য প্যাকেটকৃত (প্রতি প্যাকেটের ওজন ৫ কেজির উর্দ্ধে নহে) রং এবং বার্নিশ (ইন্যামল এবং ল্যাক্যারসহ) কৃত্রিম পলিমার বা রাসায়নিকভাবে পরিবর্তিত প্রাকৃতিক পলিমার বা ডিসপারসড অজলীয় মাধ্যমে দ্রবীভূত এমন ভিত্তির উপর প্রস্তুত; তরল পদার্থ Bangladesh Customs Tariff এর Chapter 32 এর ৪ নং নোটে বর্ণিত ; |
| ৩২.০৯ | ,, | খুচরা মূল্যে বিক্রয়ের জন্য প্যাকেটকৃত (প্রতি প্যাকেটের ওজন ৫ কেজির উর্দ্ধে নহে) রং এবং বার্নিশ (ইন্যামল এবং ল্যাকারসহ) কৃত্রিম পলিমার বা রাসায়নিক ভাবে পরিবর্তিত প্রাকৃতিক পলিমার বা ডিসপারসড অজলীয় মাধ্যমে দ্রবীভূত এমন ভিত্তির উপর প্রস্তুত; |
| ৩৩.০৩ | ৩৩০৩.০০ | পারফিউম এবং প্রসাধনে ব্যবহার্য পানি ; |
| ৩৩.০৪ | শিরনামার অধীন সকল পণ্য | সৌন্দর্য অথবা প্রসাধন সামগ্রী এবং ত্বক পরিচর্যার প্রসাধন সামগ্রী (ঔষধে ব্যবহৃত পদার্থ ব্যতীত) সানস্ক্রীন বা সানট্যান সামগ্রী; হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রীসহ ; |
| ৩৩.০৫ | ,, | কেশ পরিচর্যায় ব্যবহৃত সামগ্রী ; |
| ৩৩.০৬ | ,, | মুখ গহবর অথবা দন্ত জীবানু মুক্তকারী সামগ্রী, দন্ত জীবান মক্তকারী আঠালো পেষ্ট, পাউডারসহ ; |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| ৩৩.০৭ | শিরনামার অধীন সকল পণ্য | শেভ-পূর্ব, শেভিং অথবা শেভ পরবর্তী প্রসাধন শরীরের দুর্গন্ধ দূরীকরণের সামগ্রী কেশ বা লোমনাশক এবং অন্যান্য প্রসাধন, সৌন্দর্য বর্ধন বা প্রসাধন প্রিপারেশন, অন্যত্র বর্ণিত বা অন্তর্ভুক্ত হয় নাই। এইরূপ; প্রস্তুতকৃত ঘরের দুর্গন্ধমুক্তকারী, সুগন্ধযুক্ত বা ঔষধানুযুক্ত উপাদান সংযুক্ত হউক বা না হউক; |
| ৩৪.০১ | ,, | সাবান, জৈব সারফেস-একটিভ পদার্থ অথবা সাবান হিসাবে ব্যবহারযোগ্য পদার্থ, বার, কেক, মোল্ডেড খন্ড বা আকৃতির, সাবানযুক্ত হউক বা না হউক; |
| ৩৪.০৫ | ৩৪০৫.১০ | জুতা বা চামড়ার জন্য পালিশ, ক্রীম এবং অনুরূপ প্রিপারেশন; |
| ৩৬.০৫ | ৩৬০৫.০০ | দিয়াশলাই; |
| ৪৮.১৬ | ৪৮১৬.১০ | কার্বন বা অনুরূপ অনুলিপি প্রস্তুতে ব্যবহৃত কাগজ; |
| | ৪৮১৬.২০ | স্ব-অনুলিপি প্রস্তুতে ব্যবহৃত কাগজ; |
| | ৪৮১৬.৩০ | ডুপ্লিকেটর ষ্টেনসিল; |
| ৪৮.১৮ | শিরনামার অধীন সকল পণ্য | টয়লেট পেপার, রুমাল, বিশোধনে ব্যবহৃত টিস্যু, টাওয়েল, টেবিল ক্লথ, স্যারভিটিস, শিশুদের ন্যাপকিন, বেড শীট এবং অনুরূপ গৃহস্থালী প্রসাধনী পণ্য; |
| শিরনামা সংখ্যা ৬৪.০১ হইতে ৬৪.০৫ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | খুচরা মূল্যে বিক্রয়ের জন্য প্রস্তুতকৃত সকল প্রকার জুতা; |
| ৮২.১২ | ৮২১২.১০ | রেজর; |
| | ৮২১২.২০১ | ষ্টেনসিল ষ্টিলের সেফটি রেজর ব্লেড, স্ট্রীপের মধ্যে খোলা রেজরসহ; |
| ৮৪.১৪ | ৮৪১৪.৫১১ | গৃহস্থালী ঘরের টেবিল, মেঝে, দেয়াল, জানালা সিলিং বা ছাদের ফ্যান, উৎপাদন ক্ষমতা ১২৫ ওয়াটের অধিক নহে বৈদ্যুতিক মটর সংযুক্ত; |
| | ৮৪১৪.৬০ | প্রস্থে ১২০ সেঃ মিঃ এর অধিক এমন বৈদ্যুতিক পাখা; |
| ৮৪.১৫ | ৮৪১৫.০০ | সংযুক্ত শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র; |
| ৮৪.১৮ | ৮৪১৮.০০ | সংযুক্ত সকল প্রকার রেফ্রিজারেটর; |
| ৮৪.৫২ | ৮৪৫২.১০১ | গৃহস্থালী ধরণের হস্তচালিত বা পা চালিত সেলাই মেশিন; |
| | ৮৪৫২.২০ | গৃহস্থালী ধরণের স্বয়ংক্রিয় সেলাই মেশিন; |
| ৮৫.০৬ | ৮৫০৬.০০ | প্রাইমারী সেল এবং প্রাইমারী ব্যাটারী; |
| ৮৫.১৭ | ৮৫১৭.১০ | টেলিফোন সেট; |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| ৮৫.২০ | ৮৫২০.৩১ | ক্যাসেট টাইপ শব্দ রিপ্রোডাকশন যন্ত্রসম্বলিত অন্যান্য ম্যাগনেটিক টেপ রেকর্ডার; |
| ৮৫.২১ | ৮৫২১.০০ | ভিডিও রেকর্ডিং ও রিপ্রডিউসিং যন্ত্র ; |
| ৮৫.২৩ | শিরনামার অধীন সকল পণ্য | Bangladesh Custom Tariff এর Chapter 37 এ বর্ণিত পণ্য ব্যতীত শব্দ রেকর্ডিং বা অনুরূপ রেকর্ডিং এর কার্যে ব্যবহৃত প্রস্তুতকৃত আনরেকর্ডেড মাধ্যম। |
| ৮৫.২৭ | ৮৫২৭.১৯১ | প্রস্তুতকৃত এক ব্যান্ড রেডিও সেট ; |
| ৮৫.২৮ | ৮৫২৮.১০৯ | রংগিন টেলিভিশন; |
| | ৮৫২৮.২০৯ | সাদাকালো টেলিভিশন ; |
| ৮৫.৩৯ | ৮৫৩৯.২১৯ | অন্যান্য ফিলামেন্ট ল্যাম্প, আলট্রা-ভায়োলেট বা ইনফ্রারেড বাতি ব্যতীত, অন্যান্য ; |
| | ৮৫৩৯.২২৯ | ২০০ ওয়াট ক্ষমতার অধিক নহে এবং ১০০ ভোল্টের অধিক বিদ্যুতের জন্য অন্যান্য বাতি; |
| ৮৭.১১ | ৮৭১১.০৯ | সম্পূর্ণ তৈরী সকল প্রকার মটর সাইকেল ; |
| ৮৭.১২ | ৮৭১২.০০ | যন্ত্রচালিত নহে এমন বাইসাইকেল ও অন্যান্য সাইকেল ; |
| ৯৬.০৮ | ৯৬০৮.১০ | বল পয়েন্ট পেন ; |
| ৯৬.১৩ | ৯৬১৩.০০ | সিগারেট লাইটার এবং অন্যান্য লাইটার, যান্ত্রিক বা ইলেকট্রিক্যাল হউক বা না হউক ; |

(২) উপরে বর্ণিত টেবিলের কলাম (৩) এ প্রদর্শিত পণ্যের ক্ষেত্রে খুচরা মূল্য হইবে সংশ্লিষ্ট পণ্যের প্রস্তুতকারক বা উৎপাদক কর্তৃক বিভাগীয় কর্মকর্তার অনুমোদনক্রমে নির্ধারিত সেই সকল মূল্য যাহাতে সকল প্রকার ব্যয়, কমিশন, চার্জ, শুল্ক ও কর (যদি কিছু থাকে) অন্তর্ভুক্ত থাকিবে এবং উক্ত খুচরা মূল্য পণ্যের গায়ে বা উহার প্রতিটি মোড়ক, থলিয়া বা কৌটে সুস্পষ্ট, লক্ষ্যণীয় ও অনপনীয়ভাবে বিশেষ ছাপ বা চিহ্ন যুক্ত করিয়া মুদ্রিত করিতে হইবে এবং সাধারণ ভোক্তার নিকট উক্ত মূল্যে পণ্য বিক্রয় করিতে হইবে।

(৩)(ক) উপরের টেবিলে বর্ণিত পণ্য সমুহের মধ্যে শিরনামা সংখ্যা ১৯০৫.৩০, ৩২.০৮, ৩২০৯, ৩৩.০৩, ৩৩.০৪, ৩৩.০৫, ৩৩.০৬, ৩৩.০৭, ৩৪০৫.১০, এবং ৮৫.২৭ এর বিপরীতে প্রদর্শিত পণ্যসমূহের ক্ষেত্রে এই প্রজ্ঞাপন ১লা জুলাই, ১৯৯১ ইং মোতাবেক ১৬ই আষাঢ়, ১৩৯৮ বাং হইতে বলবৎ হইবে।

(খ) দফা ৩ 'ক' তে বর্ণিত পণ্য সমূহ ব্যতীত অন্যান্য সকল পণ্যের ক্ষেত্রে এই প্রজ্ঞাপন ১লা সেপ্টেম্বর ১৯৯১ ইং মোতাবেক ১৬ই ভাদ্র ১৩৯৮ বাং হইতে বলবৎ হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
নুরুল হোসেইন খান
সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।